

পাখিরা উড়ে, শিশুরা নয়

জানালা এবং বারান্দা থেকে পড়ে যাওয়া রোধ করা

জানালা এবং বারান্দার নিরাপত্তা বিষয়ক চেকলিষ্ট

(যেখানে প্রযোজ্য) বর্তমান অস্ট্রেলিয়ান বিল্ডিং (বা বাড়ি) আইন অনুযায়ী জানালা এবং ব্যালাসট্রেডস (balustrades) সর্বোচ্চ ১২.৫ সেন্টিমিটার পর্যন্ত খোলার অনুমতি আছে। পুরনো বাড়ির জন্য এমন কোন আইন নেই যেখানে জানালা এবং ব্যালাসট্রেডস খোলা রাখার ক্ষেত্রে বাড়ির এই বর্তমান মানদণ্ড মেনে চলতে হবে।

হ্যাঁ	না	জানালা বিষয়ক নিরাপত্তা
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	জানালা যাতে ১২.৫ সেন্টিমিটারের বেশি খোলা না যায় সেজন্য নিচ তলার উপরের সকল জানালায় গার্ড/ছটকিনি/তালা লাগানো আছে কি?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	যেখানে সম্ভব, আপনি কি উপরের দিক থেকে জানালা খোলেন?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	আপনি জানেন কি জানালা দিয়ে শিশুর পড়ে যাওয়া রোধে ফ্লাইস্ক্রিন যথেষ্ট শক্তিশালী না?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	বিছানা এবং অন্যান্য আসবাবপত্র জানালা থেকে দূরে রেখেছেন কি যাতে করে শিশুরা জানালায় চড়তে না পারে?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	শিশুদের জানালা থেকে দূরে খেলতে শেখানো হয়েছে কি?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	জানালা থেকে দূরে খেলাধুলা করার শিক্ষা শিশুদের দেয়া হয়েছে কি?
বারান্দা এবং ব্যালাসট্রেড সম্পর্কিত নিরাপত্তা		
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	বারান্দা যখন ব্যবহার করা হয় না, তখন দরজা এবং জানালা বন্ধ রাখা হয় কি?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	বারান্দার ব্যালাসট্রেড কি অন্তত পক্ষে ১ মিটার উঁচু?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	শিশুরা যেন পড়ে না যায় তা নিশ্চিত করতে বারান্দার রেলিং-এর সকল ফাঁকা ১২.৫ সেন্টিমিটারের নীচে আছে কি?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	ব্যালাসট্রেড-এর মধ্যে কোন আনুভূমিক অথবা প্রায় আনুভূমিক রড যেন না থাকে যাতে করে শিশুরা তার উপর চড়ে রেলিং-এর চূড়ায় উঠতে পারে।
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	বারান্দার কিনারা থেকে আসবাবপত্র, গাছের টব এবং অন্যান্য বস্তু যার উপর শিশুরা উঠতে পারে, এগুলো সরানো আছে কি? (হাল্কা আসবাবপত্রের বিষয়ে সতর্ক থাকবেন, কেননা শিশুরা এগুলোকে টেনে কিনারায় নিয়ে যেতে পারে)।
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	ব্যালাসট্রেড নিরাপদ এবং ভালোভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত হতে আপনি পরীক্ষা করেছেন কি?
<input type="checkbox"/>	<input type="checkbox"/>	বারান্দায় থাকাকালীন শিশুরা সবসময় আপনার নজরে থাকে কি?



উপরের যেকোন একটি প্রশ্নের উত্তর যদি “না” হয়, তাহলে আপনার শিশুর পড়ে যাওয়ার গুরুতর ঝুঁকি রয়েছে।